# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 07-06-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য বিধানসভার বাদল অধিবেশন শুরু হচ্ছে আগামী সোমবার ৯'ই জুন। এবারের অধিবেশনে 'অপরেশন সিন্দুর'-এ ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্বের জন্য একটি প্রস্তাব আনা হচ্ছে।

২) রাজ্য সরকার ২০২৬ সালের মধ্যে *হাম ও রুবেলার* মতো ছোঁয়াচে রোগ সম্পূর্ণ নির্মূল করতে তৎপর হয়েছে।

৩) আজ ঈদ উল আজহা। যথাযথ ধর্মীয় মর্যাদায় সারা দেশের সঙ্গে এরাজ্যেও ত্যাগের এই উৎসব উদযাপিত হচ্ছে।

৪) স্থানীয়ভাবে বজ্র গর্ভ মেঘ সৃষ্টি হওয়ায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় গতরাতে ভারি বৃষ্টিতে অসহ্য গরমের হাত থেকে কিছুটা রেহাই মিলেছে।

---

রাজ্য বিধানসভার বাদল অধিবেশন শুরু হচ্ছে আগামী সোমবার ৯'ই জুন। এবারের অধিবেশনে 'অপারেশন সিন্দুর'-এ ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্বের জন্য তাঁদের ধন্যবাদ জানিয়ে একটি প্রস্তাব আনা হচ্ছে। বাদল অধিবেশনের দ্বিতীয় দিনে আগামী মঙ্গলবার ১০ই জুন সরকারি এই প্রস্তাব নিয়ে দু'ঘন্টা আলোচনা হবে। রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বিধানসভার অধিবেশন শুরুর আগে প্রথা

মাফিক সর্বদলীয় বৈঠকের পর একথা জানান। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, ওই আলোচনায় অংশ নিতে পারেন।

পহেলগাঁও হামলা নিয়ে বিধানসভায় আনা ঐ প্রস্তাবের ওপর আলোচনায় প্রধান বিরোধী দল বিজেপি-ও অংশ নেবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

---------------------

অপারেশন সিন্দুরের সাফল্যে গতকাল নদীয়ার ভারত-বাংলাদেশ গেদে সীমান্তে , দক্ষিণ নদীয়া মাতৃ শক্তি সমন্বয়ের উদ্যোগে মহিলারা বিএসএফ জওয়ানদের বিশেষ সম্মান জানান । ভারত মাতার জয়ধ্বনি দিতে দিতে তারা রানাঘাট থেকে ট্রেনে করে গেদে সীমান্তে করতব্যরত বিএসএফ জওয়ানদের কাছে যান।

এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিজেপির মহিলা মোর্চার সভানেত্রী কণিকা বিশ্বাস ও রানাঘাট দক্ষিণ সাংগঠনিক জেলার বিজেপি সভাপতি অপর্ণা নন্দী প্রমুখ।

---------------------

রাজ্যের শস্যগোলা , পূর্ব বর্ধমানের গলসির লোয়া গ্রামে গতকাল বিকশিত কৃষি সংকল্প অভিযান কর্মসূচীর আয়োজন করা হয়। ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদের অধীন বর্ধমান কৃষি বিজ্ঞান কেন্দ্রের পক্ষ থেকে ওই শিবিরে কৃষকদের মাটির স্বাস্থ্য পরীক্ষা, সারের ব্যবহার, জমিতে অনুখাদ্যের প্রয়োজনীয়তা , ফসলের বিভিন্ন রোগ পোকার সংক্রমণ সহ বিভিন্ন বিষয়ে অবহিত করা হয়। নানান বিষয়ে আলোচনা করেন ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদের বরিষ্ট কৃষি বিজ্ঞানী ড: বিজন মজুমদার।

---------------------

সেবা, সুশাসন ও গরিব কল্যাণের নীতিকে ভিত্তি করে গত এক দশকে ভারত এক অসাধারণ রূপান্তরের মধ্য দিয়ে এগিয়েছে। আকাশবাণী সংবাদ-এর বিশেষ প্রতিবেদনের আজকের বিষয়—দূষণমুক্ত বিদ্যুৎ উৎপাদন এবং জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ভারতের বিশ্বজনীন নেতৃত্ব। আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন।

**ভয়েস কাস্ট** Abhijit Chakraborty

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন আমাদের গ্রহ একটি, কিন্তু একে রক্ষা করতে সকলকে সম্মিলিতভাবে উদ্যোগ নিতে হবে। গত এক দশকে ভারতের যাত্রা পথ প্রমাণ করে, সুসংহত উন্নয়ন শুধুমাত্র একটি লক্ষ্য নয়, বরং এর অগ্রগতি নিশ্চিত করাই এই সময়ের দাবি।

---------------------

বীরভূমের তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মন্ডল সম্প্রতি বোলপুর থানার আই সি-র মা এবং স্ত্রী সম্পর্কে যে কুরুচিকর মন্তব্য করেছে, তার বিরুদ্ধে কি পদক্ষেপ নেওয়া হয়েছে, তা জানতে চেয়ে জাতীয় মহিলা কমিশন রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারকে চিঠি দিয়েচেন। ৭২ ঘন্টার মধ্যে এ সংক্রান্ত রিপোর্ট পেশ করতে বলা হয়েছে।

এদিকে, বিজেপি অনুব্রতর এই ধরনের মন্তব্যের কড়া সমালোচনা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, মহিলাদের সম্মান রক্ষায় তারা অঙ্গীকারবদ্ধ। এর প্রতিবাদে আগামী সোমবার তারা বোলপুর শহরে নারীর সম্মান যাত্রার আয়োজন করবেন।

অন্যিদকে, তৃণমূল কংগ্রেস বলেছে, মিছিল যে কেউই করতে পারে। কিন্তু মহিলাদের কে কতটা সম্মান করেন, তা নিয়ে যথেষ্ট সংশয় রয়েছে। দলনেত্রী মমতা ব্যানার্জির বিরুদ্ধে কুৎসা ও অপপ্রচারের পাল্টা অভিযোগ এনেছে দল।

--------------------

রাজ্য সরকার ২০২৬ সালের মধ্যে *হাম ও রুবেলার* মতো ছোঁয়াচে রোগ সম্পূর্ণ নির্মূল করতে তৎপর হয়েছে। সে কারণে রাজ্যের ২৩টি পুরসভা এলাকায় বিশেষ টিকাকরণ অভিযান শুরু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ওই পুর এলাকায় বহু শিশু এখনও এই দুটি রোগের টিকা নেয়নি। নারী ও শিশুকল্যাণ, স্বাস্থ্য এবং পুর ও নগরোন্নয়ন দফতর যৌথভাবে এই উদ্যোগ নিয়েছে। ইতিমধ্যেই ১০টি জেলাকে চিঠি দিয়ে এই সংক্রান্ত নির্দেশ পাঠিয়েছে। পুরসভাগুলিতে কীভাবে অভিযান চালাতে হবে, তা জানিয়ে পাঠানো হয়েছে স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর। অভিযানে যেসব পুরসভা যুক্ত থাকবে, তার মধ্যে রয়েছে হাওড়া, ডায়মন্ডহারবার, কলকাতার একাধিক বরো, চন্দননগর, বিধাননগর প্রভৃতি।

--------------------

চিকিৎসা ক্ষেত্রে স্নাতকোত্তর স্তরে ভর্তির জন্যে এ বছরের নিট পিজি পরীক্ষা হবে আগামী তেসরা আগস্ট একটিই শিফটে। সুপ্রিম কোর্ট, ন্যাশানাল বোর্ড অফ এক্স্যামিনেশন এনবিই-কে এই পরীক্ষা আয়োজনের দায়িত্ব দিয়েছে। এর আগে ১৫ ই জুন পরীক্ষা পরীক্ষা নেওয়ার কথা ছিল। দুই বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র এবং আগাস্টাইন জর্জ মাশিহ্-র বেঞ্চ, এনবিই-কে এত দীর্ঘ সময় নেওয়ার ব্যাপারে প্রশ্ন তোলে। বেঞ্চ আরও জানিয়েছে, নতুন করে আবেদন জানালেও আর পরীক্ষা নেওয়ার সময়সীমা বৃদ্ধি করা হবে না।

উল্লেখ্য, গত ৩০ শে মে সুপ্রিম কোর্ট, এনবিই-কে নিট পিজি ২০২৫ দুটি শিফটের পরিবর্তে একটি শিফটে নেওয়ার নির্দেশিকা জারি করে।

--------------------

সুপ্রিম কোর্টের রায় মেনে চাকরিহারা শিক্ষক শিক্ষিকাদের একাংশ, পুরনো চাকরিতে ফিরতে চেয়ে রাজ্য সরকারের কাছে আবেদন জানিয়েছে। শিক্ষা দপ্তরের তরফে এইরকম প্রায় সাড়ে সাতশো জনের আবেদন, চূড়ান্ত অনুমতির জন্য নবান্নে পাঠানো হয়েছে বলে সরকারি সূত্রের খবর।

--------------------

উত্তর ২৪ পরগণার অশোকনগরে কিডনি বিক্রি চক্রে বেআইনীভাবে নথি তৈরি করার অভিযোগে কলকাতার বাঁশদ্রোণীর বাসিন্দা প্রদীপ কুমার বর নামে এক আইনজীবীকে পুলিশ গ্রেপ্তার করেছে। তাকে গতকাল বারাসাত আদালতে তোলা হলে চার দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

পুলিশ জানিয়েছে, কিডনি পাচার চক্রে এর আগে এক মহিলা সহ ৫ জনকে পুলিশ গ্রেপ্তার করে। জেল হেফাজতে তাদের জেরা করেই হদিশ মেলে এই আইনজীবীর। এরপর অশোকনগর থানায় ডেকে পাঠিয়ে গতকাল বিকেল থেক গভীর রাত পর্যন্ত তাকে জিজ্ঞাসাবাদ করা হয়। কিন্তু সদুত্তর দিতে না পারায় গ্রেপ্তার করা হয় প্রদীপ বরকে। পুলিশ জানিয়েছে, কিডনি পাচার চক্রের মধ্যস্থাতাকারী হিসাবে ধৃত আইনজীবী ৫০০ টাকার এফিডেভিটে ১০ হাজার টাকা করে নিতেন।

--------------------

আজ ঈদ উল আজহা। যথাযথ ধর্মীয় মর্যাদায় সারা দেশের সঙ্গে এরাজ্যেও ত্যাগের এই উৎসব উদযাপিত হচ্ছে।  সকাল থেকেই মুসলিম ধর্মাবলম্বীরা মসজিদ ও ঈদগা সহ ধর্মীয় স্থানে বিশেষ ঈদের নামাজে সামিল হয়েছেন।

কলকাতাতে  প্রতিবারের মত এবারেও মূল জমায়েত হচ্ছে রেড রোডে বা ইন্দিরা গান্ধী সরণীতেই। সেই কারণে আজ বেলা ১২টা পর্যন্ত রেড রোডে যান চলাচল সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। পার্শ্ববর্তী কিছু রাস্তাতেও যান নিয়ন্ত্রণ করা হচ্ছে। বিশেষ করে ময়দানের দিক থেকে আসা ও যাওয়ার গাড়িগুলিকে ঘুরিয়ে দেওয়া হচ্ছে অন্য রুটে।

এছাড়াপার্কসার্কাস, মেটিয়াবুরুজ, গার্ডেনরিচ, মহেশতলা, টালিগঞ্জ, চিৎপুর, শ্যামবাজার, বেলগাছিয়া, বউবাজার, শিয়ালদহ এলাকাতেও ভোর ৪টা থেকে যান নিয়ন্ত্রণ করা হচ্ছে। চলবে বেলা ১২ টা র্যন্ত। গার্ডেনরিচ ও বন্দর সংলগ্ন এলাকাতেও কিছু সময়ে পণ্যবাহী গাড়ি নিয়ন্ত্রিত থাকবে। প্রয়োজনে অন্য কয়েকটি রাস্তাযতেও রুট পরিবর্তন বা যানবাহন সাময়িক বন্ধ রাখা হতে পারে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

বিভিন্ন জেলাতেও যথাযোগ্য মর্যাদায় ঈদুজ্জোহা পালিত হচ্ছে। মুর্শিদাবাদ জেলা জুড়ে সম্প্রীতির আবহে উদযাপিত হচ্ছে এই উৎসব। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

ভয়েসকাস্ট

---------------------

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস ইদ উল আজহা উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ার এক বার্তায় তিনি এই উৎসবে সকলের সুস্বাস্থ্য, শান্তি ও সমৃদ্ধি কামনা করেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও এই উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন রাজ্যবাসীকে।

--------------------

ঈদ উপলক্ষ্যে আজ সর্বত্র শান্তি শৃঙ্খলা বজায় রাখতে সিপিআইএম, রাজ্যবাসীর প্রতি আবেদন জানিয়েছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক সম্মেলনে সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম এই আর্জি জানান। এই উৎসব যাঁরা পালন করবেন তাঁরা যাতে তাঁদের আবেগ সংযত করে , তা পালন করেন সে দিকেও নজর দেওয়ার অনুরোধ জানান তিনি।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার ও সৌ ভ্রাতৃত্ব ও শান্তির আবহে পবিত্র ঈদ উদ যোহা পালনের আর্জি জানিয়েছেন।

--------------------

স্থানীয়ভাবে বজ্র গর্ভ মেঘ সৃষ্টি হওয়ায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় গতরাতে ভারি বৃষ্টি হয়েছে। ঘন্টাখানেকেরও বেশি সময় ধরে চলা এই বৃষ্টিতে অসহ্য গরমের হাত থেকে কিছুটা রেহাই মিলেছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২২ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা চার দশমিক ৬ ডিগ্রী কম। আজ সকাল সাড়ে ছটা পর্যন্ত আলিপুরে ৪০ দশমিক পাঁচ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

আলিপুর আবহাওয়া দপ্তর অবশ্য জানিয়েছে পশ্চিমী শুষ্ক বায়ুর কারণে আগামী কয়েকদিন অস্বস্তিকর গরম বজায় থাকবে।

এদিকে, উত্তরবঙ্গের জেলাগুলিতে মাঝারি বৃষ্টির পূর্বাভাস। উত্তরবঙ্গে ইতোমধ্যেই বর্ষা প্রবেশ করলেও দক্ষিণবঙ্গে কবে তা আসবে তা এখনো স্পষ্ট নয় বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

-------------------- --------------------